দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ ... কলাম ৮

রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ছাত্র ঐক্যের সমাবেশে জাবি'র ভিসির অপসারণ দাবী

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। সম্প্রতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক উক্ত বিশ্ববিদ্যালয়ের কতিপয় ছাত্রকে ধর্ষণের দায়ে বহিষ্কার করার প্রতিবাদে এবং এই আদেশ প্রত্যাহার ও ভিসি প্রফেসর আব্দুল বায়েসের অপসারণ দাবীতে গত শনিবার গণতান্ত্রিক ছাত্রঐক্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতিবাদ মিছিল ও সমাবেশ করিয়াছে। বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রমৈত্রীর দেবাশীষ, ছাত্র ইউনিয়নের সুমনা সরকার ঝুমুর, ছাত্র ফ্রন্টের সুশান্ত সিনহা প্রমুখ নেতা বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ধর্ষণের দায়ে যাহাদের বহিষ্কার করিয়াছে তাহারা দোষী নয় বরং তাহারা দোষীদের শাস্তির দাবীতে আন্দোলন করিয়াছিল। কিন্তু কর্তৃপক্ষ প্রকৃত দোষী ব্যক্তিদের পুনর্বাসন করিয়াছে। তাহারা অবিলম্বে এই আদেশ প্রত্যাহার করিয়া প্রকৃত দোষীদের শাস্তি এবং ভিসিকে দোষীদের দালাল আখ্যায়িত করিয়া তাহার অপসারণ দাবী করিয়াছেন।